# বাংলাদেশে মুক্তিযোদ্ধা সংসদ অষ্ট্রেলিয়া।

697.Elizabeth Street.Waterloo.NSW.2017 Australia.02-93194980.

সরকারের কাছে খোলাচিঠি।

## বাংলাদেশে ২১শে মার্চের মুক্তিযোদ্ধা সম্মেলনের দাবী মেনে নিন।

৭১ এর মহান স্বাধীনতা যুদ্ধের নেতৃত্ব দান কারি জীবিত সেক্টর কমান্ডারদের ডাকা ''যুদ্ধাপরাধীদের বিচারে দাবী'' মেনে নিন। আমাদের দৃঢ় বিশ্বাস আপনাদের শুভ বুদ্ধির উদয় হবে ।দেশের বর্তমান অবস্থাদেখে তাই মনে হচ্ছে।বাংলাদেশের মাটিতে যুদ্ধাপরাধীর বিচার রোধ করার ক্ষমতা আর কারও নেই।

৭১ এ যে সব বীরসেনানী যুদ্ধ করে স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠা করেছে তাদের অধিকার খর্ব করার আইন গত কোন অধিকার আপনাদের নেই।

কোন মুক্তিযোদ্ধার দেশাত্ববোধক কর্মসুচী প্রতিহত করতে গিয়ে দেশোদ্রোহীদের সহায়ক হবেন না।

আপনাদের নিরপেক্ষতার দাবিই রাজাকার আলবদর আর আল শামসদের বিচারের দাবিটি প্রাণ পেয়েছে ।

আওয়ামীলীগ সরকার ,ন্যায় বিচারের ব্যবস্থা করলেও সন্দেহ থেকে যাবে, বি এনপি সরকার বিচার করবে তা বিশ্বাস যোগ্য নয়।আপনাদের ক্ষমতাবর্হিভূত ,অনেক কর্মসাধন করতে যে সাহসিকতার পরিচয় দিয়েছেন, সেই দিক বিবেচনায় আর একটু এগিয়ে যুদ্ধাপরাধীদের বিচারের ব্যাস্থা করে ৭১ এর অসমাপ্ত মুক্তিযুদ্ধ কে সমাপ্ত করার গৌরবে গর্বিত হউন ।

যারা যুদ্ধ করে বাংলাদেশ প্রতিষ্ঠা করেছে তাদের কে সর্বোচ্চসম্মান প্রর্দশন সরূপ মুক্তিযুদ্ধের সেক্টর কমান্ডফোরাম কে সাবিক ও সংবিধানিক সহযোগিতা করুন । এই সময় জাতীয় সর্বোচ্চ সংকট হলো , জাতিয় অপরাধের বিচার না হওয়া।

অন্য দিকে যুদ্ধাপরাধীদের ও প্রয়োজন ছিল মানবিক ও ন্যায় বিচার পাওয়ার মুখ্য সময়ের ।আর ও প্রয়োজন ছিল একটি নিরপেক্ষ সরকারে অধীনে বিচার প্রক্রিয়া শুরু করা । নিরপেক্ষ সরকার দাবীদার, এ সমস্যটিকে খাট করে দেখলে ,তাদের সকল সফল কর্মকান্ড প্রশ্ন বিদ্ধ হবে । আর জাতিয় সংকট আর ও তীব্র হয়ে উঠবে । সেই অবস্থায় বিশ্বব্যাপি জাতি, ধর্ম ,বর্ণ ভুলে এগিয়ে আসবে মুক্তমনের মানুষেরা । দেশে ও বিদেশে সেই পরিস্থিতির দায় আপনাদেরকেই বহন করতে হবে।

| | |
|---|---|
| সাধারন সম্পাদক | সভাপতি |
| হারুন রশীদ আজাদ | মিজানুর রহমান তরুন |

697,Elizabeth Street Waterloo NSW 2017 email mokti@banglamedia.net
phone 0414331731,0403610212